

অপেক্ষমান তালিকা থেকে ভর্তির আগ্রহ প্রকাশের জন্য বিজ্ঞপ্তি

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য এখনো অপেক্ষমান প্রার্থীদের জানানো যাচ্ছে যে বিশ্ববিদ্যালয়ের ভর্তির নির্ধারিত সময়সীমা ১৫ জানুয়ারি শেষ হতে চলেছে। সময়সীমা বৃদ্ধি না হলে এর মধ্যে অবশিষ্ট আসন পূরণের লক্ষ্যে নিম্নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

অপেক্ষমান অবশিষ্ট ভর্তিচ্ছুদের মধ্য থেকে **C-1 ও C-2 উভয় গ্রুপে ৩০০০ পর্যন্ত মেধাক্রমের** যে সকল ভর্তিচ্ছু পপুলেশন সায়েন্স এ্যান্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগে ভর্তি হতে আগ্রহী তাদেরকে **০৬-০১-২০২০ হতে ১৩-০১-২০২০** তারিখের মধ্যে অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে লগ-ইন করে তাদের আগ্রহ নিশ্চিত করতে বলা হচ্ছে। উল্লেখ্য যে যারা তাদের পছন্দক্রমে এ বিষয়টির উল্লেখ করেছেন, কেবল তারাই এ সুযোগ পাবেন।

আসন শূন্য থাকা সাপেক্ষে অনলাইনে আগ্রহ প্রকাশকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমে **১৪-০১-২০১৯** তারিখ অপরাহ্নে পরবর্তী নির্বাচন তালিকা প্রকাশ করা হবে এবং নির্বাচিতদেরকে **১৫-০১-২০১৯** তারিখ **সকাল ১১টা থেকে দুপুর ১টার মধ্যে এবং দুপুর ৩:৩০ থেকে ৪:৩০** এর মধ্যে অনুষদে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নোটিশে নির্বাচিত না হলে আসার প্রয়োজন নাই।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০২ জানুয়ারি, ২০২০

প্রফেসর ড. মো. একরামুল হামিদ
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও ডীন, প্রকৌশল অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়